


প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের সম্মেলন কক্ষ, মহাখালী, ঢাকা ।  
তারিখ : ১৬/০৬/২০২২ খ্রি.  
সময় : সকাল ১১.০০ ঘটিকা

ড. অমলেন্দু ঘোষ, পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, এল.আর.আই, মহাখালী, ঢাকার সভাপতিত্বে ১৬/০৬/২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় পরিচালক (গপ্রমু) এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তা- কর্মচারীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তা- কর্মচারীবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হল।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। নৈতিকতা	জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ডা. মাকছদুর রশীদ নৈতিকতা কমিটির ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা অবহিত করেন যে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে এবং আমরা ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের কাছাকাছি পৌঁছেছি।	সভায় নৈতিকতা কমিটির সভা নিয়মিত করা এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রাণিসম্পদ অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ।

সর্বশেষে সভাপতি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল কর্মকর্তা-কর্মচারীকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ড. অমলেন্দু ঘোষ) ১৬/৬/২২  
পরিচালক  
গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন  
প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।